

C. U. BENGALI (HONS.) QUESTION PAPERS — 2012

PART—III

(Under 1+1+1-09/ New Systems)

পঞ্চম পত্র — ২০১২

পূর্ণমান—১০০

২০ নম্বরের প্রশ্নে ৩৫০ শব্দ, ১৬ নম্বরের প্রশ্নে ৩০০ শব্দ

১। (ক) সনেট কাকে বলে? সনেটের গঠনরীতি আলোচনা করে বাংলা সনেট রচনায় মধুসূদনের কৃতিত্বের পরিচয় দাও? ৪+৬+১০

[অথবা] (খ) উদাহরণ সহ যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো : ১০+১০

(অ) আলঙ্কারিক মহাকাব্য (আ) শোক গীতি (ই) আখ্যানকাব্যের সংজ্ঞা ও পরিচয়।

২। (ক) 'বীরাঙ্গনা কাব্য'-এর 'সোমের প্রতি তারা' পত্রে 'তারা' চরিত্রটি কবি মধুসূদন দত্তের মৌলিক ও অনবদ্য সৃষ্টি — মন্তব্যটির পক্ষে যুক্তিসহ আলোচনা কর। ১৬

[অথবা] (খ) 'বীরাঙ্গনা কাব্য'-র নারী চরিত্রগুলি নির্মাণে উনিশ শতকীয় বঙ্গীয় নবজাগরণের প্রভাব কতটা আলোচনা করো। ১৬

৩। (ক) রবীন্দ্রনাথের 'সোনার তরী' কাব্যের 'বৈষ্ণব কবিতা'য় লৌকিক প্রেম অলৌকিক ব্যঞ্জনা লাভ করেছে — আলোচনা করে দেখাও। ১৬

[অথবা] 'যেতে নাহি দিব' কবিতায় কবি বিশেষ এক কাহিনী সূত্র অবলম্বন করে কীভাবে দার্শনিক উপলব্ধির স্তরে উপনীত হলেন তা বিশ্লেষণ করে দেখাও। ১৬

৪। (ক) "চিরবিদ্রোহের বাণীই কবি নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতায় ধ্বনিত। কবির এই বিদ্রোহ গভীর মানবপ্রেম থেকেই সঞ্জাত।" মন্তব্যটির যথার্থ্য বিচার করো। ১৬

[অথবা] (খ) 'দারিদ্র্য' কবিতায় কবি নজরুল বলেছেন : "উন্নত করিছ শির যার মাথা নীচু" — কবির কোন্ মানসিকতা এখানে প্রকাশ পেয়েছে? তাঁকে দুঃখবাদী বলা যায় কিনা আলোচনা করে দেখাও। ১৬

৫। (ক) ইতিহাস ও কল্পলোকের মিশ্রণে কবি শঙ্খ ঘোষ সৃষ্টি করেছেন এক কল্পজগৎ। 'বাবরের প্রার্থনা' কবিতাটির বিষয়বস্তুর পরিপ্রেক্ষিতে কবির সেই কল্পজগতের পরিচয় দাও। ১৬

[অথবা] (খ) জীবনানন্দের 'সুচেতনা' কবিতায় কবির সমাজ সচেতনতার এবং কালচেতনার যে পরিচয় পাও তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১৬

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করো :

১৬

(ক) যত চাও তত লও তরনী ' পরে

আর আছে ? আর নাই দিয়েছি ভরে ।

এতকাল নদীকূলে

যাহা লয়ে ছিনু ভুলে

সকলই দিলাম তুলে

থরে বিথরে —

এখন আমারে লহো করুণা করে ।

ঠাই নাই, ঠাই নাই — ছোটো সে তরী

আমারই সোনার ধানে গিয়েছে ভরি ।

শ্রাবণগগন ঘিরে

ঘনমেঘ ঘুরে ফিরে,

শূন্য নদীর তীরে

রহিনু পড়ি —

* যাহা ছিল নিয়ে গেল সোনার তরী ॥

[অথবা] (খ) সেদিন সমুদ্র ফুলে ফুলে হ'ল উন্মুখর মাঘী পূর্ণিমায়

সেদিন দামিনী বুঝি বলেছিল — মিটিল না সাধ।

পুনর্জন্ম চেয়েছিল জীবনের পূর্ণচন্দ্রে মৃত্যুর সীমায়,

প্রেমের সমুদ্রে ফের খুঁজেছিল পূর্ণিমার নীলিমা অগাধ,

সেদিন দামিনী, সমুদ্রের তীরে ।

আমার জীবনে তুমি প্রায় বুঝি প্রত্যহই ঝুলন - পূর্ণিমা

মাঘী বা ফাল্গুনী কিংবা বৈশাখী রাস বা কোজাগরী,

এমন কি অমাবস্যা নিরাকার তোমারই প্রতিমা ।

আমারও মেটে না সাধ, তোমার সমুদ্রে যেন মরি

বেঁচে মরি দীর্ঘ বহু আন্দোলিত দিবস যামিনী

দামিনী, সমুদ্রে দীপ্র তোমার শরীরে,

তোমার সমুদ্রে আর শরীরের তীরে ॥

ষষ্ঠ পত্র — ২০১২

পূর্ণমান—১০০

১৫ নম্বরের প্রশ্ন ৩০০ শব্দে ও ৫ নম্বরের প্রশ্ন ১০০ শব্দের মধ্যে

উত্তর দেওয়া বাঞ্ছনীয়

১। (ক) “পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন”। এই উক্তিটির আলোকে ‘পুতুল নাচের ইতিকথা’ উপন্যাসের নামকরণটি যথাযথ কিনা বিচার করো।

১৫